২৪

দৈনিক বাংলা

তারিখ .. 25 NOV 1991 ..

পৃষ্ঠা ... ১ ...... কলাম .. ৬ ...

### ১ জানুয়ারী থেকে ডাক্তারদের উপজেলায় ডেপুটেশন বাতিল

# চারটি নতুন মেডিক্যাল কলেজ হবেঃ প্রধানমন্ত্রী

স্টাফ রিপোর্টার ঃ প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেছেন যে, পর্যায়ক্রমে দেশে ৪টি নতুন মেডিক্যাল কলেজ স্থাপন করা হবে। দিনাজপুর, বগুড়া, ফরিদপুর ও খুলনায় এই ৪টি নতুন মেডিক্যাল কলেজ স্থাপন করা হবে।

রোববার শিল্পকলা একাডেমী মিলনায়তনে আয়োজিত ডক্টরস এসোসিয়েশন অব বাংলাদেশ (ড্যাব)-এর কেন্দ্রীয় নির্বাহী পরিষদের (৯১-৯২) অভিষেক অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণদানকালে তিনি একথা বলেন।

প্রধানমন্ত্রী উপজেলায় ডাক্তারদের ডেপুটেশন প্রথা বাতিল, উপজেলা পর্যায়ে পাসকরা ডাক্তারদের ড্রাগ লাইসেন্স প্রদান, ডাক্তারদের সরকারী চাকরিতে নিয়োগসহ দেশের ডাক্তারদের জন্য বিভিন্ন সুযোগ-সুবিধা বাড়ানোর সরকারী সিদ্ধান্ত ঘোষণা করেন। প্রধানমন্ত্রী ডাক্তারদের দেশের সাধারণ মানুষের সুষ্ঠু চিকিৎসার জন্য গ্রামে ছড়িয়ে পড়তে উদাত্ত আহবান জানান। তিনি আরো বলেন যে, যেসব চিকিৎসক গ্রামে গিয়ে গরীব জনগণের সেবায় অবদান রাখবেন এবং জনগণের প্রশংসা ও আস্থা অর্জন করবেন তাদের পেশাগত উচ্চশিক্ষা লাভ ও ট্রেনিং গ্রহণের ব্যাপারে অগ্রাধিকার দেয়া হবে।

ড্যাব-এর সভাপতি ডাঃ এ কে এম কামরুজ্জামান এমপি, সভাপতিত্বে অভিষেক অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন সংসদ উপনেতা অধ্যাপক বদরুদ্দোজা চৌধুরী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী চৌধুরী কামাল ইবনে ইউসুফ, ড্যাব-এর মহাসচিব ডাঃ আতিকুর রহমান প্রমুখ।

প্রধানমন্ত্রী তাঁর ভাষণে মুহুর্মুহু করতালির মধ্যে ঘোষণা করেন যে, আগামী ১ জানুয়ারী থেকে ডাক্তারদের উপজেলায় ডেপুটিশন প্রথা বাতিল করা হবে। উপজেলা ডাক্তারদের চাকরি জেলা সিভিল সার্জনের অধীনে ন্যস্ত হবে।

তিনি আরো বলেন যে, প্রাথমিক পর্যায়ে ২৫০ জন ডাক্তারকে সরকারী চাকরিতে নিয়োগ করতে সরকার সিদ্ধান্ত নিয়েছেন।

গ্রামে ঔষধপত্র সহজলভ্য করার লক্ষ্যে প্রতি উপজেলা কমপ্লেক্সে দুইজন করে ডাক্তারদের ড্রাগ লাইসেন্স দেয়া হবে। গ্রামে মোট এক হাজার ডাক্তারকে এই ড্রাগ লাইসেন্স দেয়া হবে।

প্রধানমন্ত্রী বলেন, স্বৈরাচার বিরোধী আন্দোলনে শাহাদত বরণকারী শহীদ ডাঃ

(৭-এর পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## প্রধানমন্ত্রী

(প্রথম পৃঃ পর)

মিলনের স্মৃতি রক্ষার্থে ঢাকা মেডিক্যাল কলেজ প্রাঙ্গণে ডাঃ মিলন স্মৃতি মিলনায়তন স্থাপন করা হবে। আগামী ২৭ নবেম্বর ডাঃ মিলন হলের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হবে।

প্রধানমন্ত্রী স্বৈরাচার বিরোধী আন্দোলনে ডাক্তারদের ভূমিকার উল্লেখ করেন। শহীদ ডাঃ মিলনের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করে তিনি বলেন, ডাঃ মিলন স্বৈরাচার বিরোধী আন্দোলনকে জোরদার ও শক্তিশালী করেছিলেন।

ডাক্তারদের বিভিন্ন দাবীদাওয়া প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন যে, সীমিত সম্পদের মধ্যেও সরকার ডাক্তারদের সুযোগ-সুবিধা বাড়ানোর যে পদক্ষেপ নিয়েছেন তার বিনিময়ে দেশের সাধারণ মানুষও ডাক্তারদের কাছে অনেক কিছু আশা করে। তারা সুচিকিৎসা চায়। তিনি ডাক্তারদের দেশের জনগণের এই প্রত্যাশা ও চাহিদা পূরণ করতে আহবান জানান। তিনি দু'হাজার সালের মধ্যে সকলের কাছে ন্যূনতম চিকিৎসা পৌঁছে দেয়ার কাজে ডাক্তারদের সক্রিয় সহযোগিতা কামনা করেন।

হাসপাতালগুলির অবস্থার উল্লেখ করে প্রধানমন্ত্রী ডাক্তার নার্সসহ সংশ্লিষ্টদের প্রতি হাসপাতালের অবস্থা উন্নত করতে আহবান জানান। তিনি সংশ্লিষ্টদের যথাসময়ে হাসপাতালে উপস্থিতি ও রোগীদের পাশে থাকার পরামর্শ দেন।

ডাক্তার তৈরীর জন্য দেশের বিপুল ব্যয়ের ইঙ্গিত দিয়ে প্রধানমন্ত্রী বলেন, সাধারণ মানুষেরও দাবী রয়েছে আপনাদের ওপর। তাদের সুষ্ঠু চিকিৎসা করতে আপনাদের গ্রামে যেতে হবে।

তিনি ড্যাব পরিচালিত শহীদ জিয়া ফ্রি ফ্রাইডে ক্লিনিকের চিকিৎসার সুযোগ-সুবিধা বাড়ানোর ব্যাপারে সাহায্যের আশ্বাস দেন। অনুষ্ঠানের সূচনায় সংসদ উপনেতা ও ড্যাব-এর প্রধান পৃষ্ঠপোষক অধ্যাপক বদরুদ্দোজা চৌধুরী সংগঠনের নির্বাহী পরিষদের কর্মকর্তা ও সদস্যদের শপথ গ্রহণ করান।